

বাংলাদেশ স্কাউটস

জাতীয় সদর দফতর, জাতীয় স্কাউট ভবন
৬০ আঞ্জমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০, বাংলাদেশ



BANGLADESH SCOUTS

National Headquarters, National Scout Bhaban
60 Anjuman Mufidul Islam Road, Kakrail, Dhaka-1000, Bangladesh

স্মারক নং-বাঃ স্কাঃ(জনসংযোগ ও মার্কেটিং)/২৮-৭৩/১৯

তারিখঃ ২১ ফেব্রুয়ারি ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

২২ ফেব্রুয়ারি বিশ্ব স্কাউট দিবস

বিশ্ব স্কাউট আন্দোলনের প্রতিষ্ঠাতা ব্যাডেন পাওয়েল এর জন্মদিন ২২ ফেব্রুয়ারি। তিনি ১৮৫৭ সালের ২২ ফেব্রুয়ারি লন্ডনে জন্ম গ্রহণ করেন। তার পুরো নাম রবার্ট স্টিফেনশন স্মিথ লর্ড ব্যাডেন পাওয়েল অব গিলওয়েল। ব্যাডেন পাওয়েল বা বিপি নামে তিনি সর্বোচ্চ পরিচিত। ব্যাডেন পাওয়েল বা বিপি ১৯০৭ সালে ২০ জন ছেলেকে নিয়ে পরীক্ষামূলকভাবে ব্রাউন্সী দ্বীপে স্কাউট ক্যাম্প শুরু করেন। বর্তমানে পৃথিবীর ১৬৯ টি দেশে স্কাউটিং আন্দোলন পরিচালিত হচ্ছে। পৃথিবীতে প্রায় ৫ কোটি স্কাউট সদস্য রয়েছে। বাংলাদেশ প্রায় ১৭ লক্ষ স্কাউট সদস্য নিয়ে পৃথিবীর পঞ্চম বৃহত্তম স্কাউট রাষ্ট্র।

ব্যাডেন পাওয়েল (বিপি)-এর জন্মদিনকে সারা বিশ্বের স্কাউটবৃন্দ বিপি দিবস হিসেবে পালন করে থাকে। সারা বিশ্বের স্কাউটদের সাথে তাল মিলিয়ে বাংলাদেশ স্কাউটস ২২ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে, বেলা ৩:০০ টায় বাংলাদেশ স্কাউটসের জাতীয় সদর দফতর, কাকরাইল, ঢাকায় চিত্রাংকন, উপস্থিত বক্তৃতা, কবিতা আবৃত্তি প্রতিযোগিতা এবং বিকেল ৪:০০ টায় আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার ও মাননীয় কমিশনার (অনুসন্ধান), দুর্নীতি দমন কমিশন ডঃ মোঃ মোজাম্মেল হক খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

অনুষ্ঠানে বাংলাদেশ স্কাউটস এর জাতীয় নেতৃবৃন্দ, কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউটবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। বাংলাদেশের প্রতিটি অঞ্চল, জেলা ও উপজেলা স্কাউটস যথাযোগ্য মর্যাদায় স্কাউট দিবস পালন করে থাকে।

(মোঃ মশিউর রহমান)

উপ পরিচালক(জনসংযোগ ও মার্কেটিং)

বাংলাদেশ স্কাউটস।

মোবাইলঃ ০১৭১২৮৬৪১১৫ Mail: probangladeshscouts@gmail.com